গাংনীতে আশ্রয় নারী উন্নয়ন সংস্থার উদ্যোগে শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ

“ভাল থাকা ও ভালো রাখা” শ্লোগান নিয়ে গাংনীতে “আশ্রয় নারী কল্যাণ সংস্থা”র উদ্যোগে অসহায় শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) দুপুরে গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামে সংস্থার কার্যালয়ে সাহারবাটি ইউনিয়নের শতাধিক অসহায় দরিদ্র নারী পুরুষের মাঝে এই শীতবস্ত্র বিতরণ করা হয়।

আশ্রয় নারী উন্নয়ন সংস্থা’ র সহসভাপতি ঝুমুর আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

বিশেষ অতিথি ছিলেন গাংনী সরকারি ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার (পিআইও) নিরাঞ্জন চক্রবর্তী, গাংনী উপজেলা মহিলা বিষয়ক অফিসার নাছিমা খাতুন, উপজেলা সমাজ সেবা অফিসার আরশাদ আলী।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংস্থার নির্বাহী পরিচালক আজিজুল হক রানু।

আশ্রয় নারী উন্নয়ন সংস্থার সাধারণ সম্পাদক রাহিয়া রাহির সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সাহারবাটি ইউনিয়ন পরিষদের ৫ নং ওয়ার্ডের সদস্য (মেম্বর) রিপন হোসেন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা বলেন, নিজ নিজ যায়গা থেকে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর উচিৎ। শুধু সরকারি সাহায্য সহযোগীতা নয়, অসহায় দরিদ্র মানুষের পাশে দাঁড়াতে সমাজের বিত্তবানদের এগিয়ে আসতে হবে। টাকার দিক দিয়ে নয়, যারা মনের দিক থেকে বড় তাদেরকেই বড় হিসেবে দেখতে হবে।

প্রধান অতিথি প্রীতম সাহা আরও বলেন, আমাদের সন্তানদের লেখাপড়া

শেখাতে হবে। তারাও যেনো বড় হয়ে মানুষের পাশে দাঁড়াতে পারে। নিজ নিজ সন্তানকে মাদক, ইভিটিজিং, সন্ত্রাস ও বাল্য বিবাহমুক্ত রাখার অনুরোধ করেন তিনি এবং সবাই মিলে গাংনীকে বাসযোগ্য, মানবিক ও সুন্দর উপজেলা গড়ে তুলতে হবে বলে জানান।

উল্লেখ, আশ্রয় নারী উন্নয়ন সংস্থা ও উপজেলা প্রশাসনের উদ্যোগে সাহারবাটি ইউনিয়নের শতাধিক অসহায় দরিদ্র নারী পুরুষের মাঝে এই শীতবস্ত্র বিতরণ করা হয়।

বঙ্গবন্ধু কৃষক, শ্রমিক খেটে খাওয়া মানুষকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন- এমপি সাগর

মেহেরপুর-২ (গাংনী) আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এদেশের কৃষক, শ্রমিক খেটে খাওয়া মানুষকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন। আপনারা সেই সমাজের মানুষ। বঙ্গবন্ধুর উত্তরসূরী হিসেবে আমরাও সেই সম্মান রাখতে চাই।

আজ রবিবার (১১ ফেব্রুয়ারি) দুপুরে গাংনী উপজেলা অডিটরিয়ামে ভ্যান চালকদের মাঝে চাদর বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

জাগো মেহেরপুরের আয়োজনে স্থানীয় বেসরকারি উন্নয়ন সংস্থা আশ্রয় নারী উন্নয়ন সংস্থা, বিশ্বাস পরিবার ও সচিন্দ্র বিশ্বাস ফাউন্ডেশন এই শীতবস্ত্র বিতরণ করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাগো মেহেরপুরের আহবায়ক, বিশ্বাস পরিবারের মুখপত্র ও বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, গাংনী সরকারি ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী বাজার কমিটির সভাপতি সালাহউদ্দিন শাওন, জাগো মেহেরপুরের

মুখপাত্র শোয়েব রহমান।

জাগো মেহেরপুরের যুগ্ম আহবায়ক আব্দুল আলীমের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আশ্রয় নারী উন্নয়ন সংস্থার পরিচালক আজিজুল হক রানু, সচিন্দ্রনাথ বিশ্বাস ফাউন্ডেশনের পরিচালক অশোক চন্দ্র বিশ্বাস প্রমুখ।

জাগো মেহেরপুরের আহবায়ক ও বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত শীতবস্ত্র (চাদর) বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ডাক্তার এএসএম নাজমুল হক সাগর বলেন শেখ হাসিনা সরকারের বিগত তিনবারের উন্নয়ন দেখে দেশবাসী আবারও নৌকা মার্কায় ভোট দিয়েছেন। উন্নয়নের সেই ধারাবাহিকতায় বর্তমান সরকার উন্নয়ন অব্যাহত রাখবে। আর যে জাতি যত সুশৃঙ্খল, সেই জাতিই উন্নতি করবে। বিগত দিনে গাংনীর মানুষ সেটা দেখিয়েছেন। গাংনী উপজেলার প্রতিটি শ্রেনী পেশার মানুষ এখন সুশৃংখল ও দায়িত্ব শীল।

গাংনীর মানুষের চিকিৎসা ক্ষেত্রে সব সময় পাশে থাকার আশ্বাস দিয়ে প্রধান অতিথি আরও বলেন, গাংনীর মানুষের জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্েসে পুর্ণাঙ্গ সেবাদানের জন্য তৈরী করা হবে। আপদে বিপদে একে অপরের পাশে দাঁড়িয়ে সহযোগিতা করার আহবান জানান প্রধান অতিথি।

উল্লেখ্য,জাগো মেহেরপুরের উদ্যোগে মেহেরপুর শহর ও গাংনী পৌর এলাকার ৭০০ ভ্যান চালকদের মাঝে শীতবস্ত্র (চাদর) বিতরণ করা হয়েছে।